দৈনিক বাংলা

22/2/81

076

*চিকিৎসা ও শিক্ষা বাবদ—*

# ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য দেড় কোটি টাকা ব্যয় করা হবে

অর্থবছর ১৯৮০-৮১ সাল কালে দেশের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের শিক্ষা ও চিকিৎসা সাহায্য হিসাবে দেড় কোটি টাকা ব্যয় করা হবে। এক সরকারী তথ্য বিবরণীতে গতকাল ঢাকায় একথা বলা হয়। উপরোক্ত পরিমাণ অর্থের মধ্যে ৩ লাখ টাকা গুরুতর অসুস্থতার কারণে ও সাত্যিকারভাবে দুর্দশাগ্রস্ত কর্মচারীদের জন্য চিকিৎসা সাহায্য হিসাবে নির্দিষ্ট করে রাখা হয়েছে এবং অবশিষ্ট ১ কোটি ৪৭ লাখ টাকা রয়েছে স্কলারশীপের জন্য।

সচিবালয়ে সংস্থাপন সচিবের অফিস কক্ষে গতকাল অনুষ্ঠিত বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ কমিটির ২১তম বৈঠকে এ সিদ্ধান্ত গৃহীত হয়। চিকিৎসার সাহায্যের ৩ লাখ টাকার মধ্যে ঢাকা নগরীর জন্য এক লাখ টাকা এবং ঢাকা,

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## চিকিৎসা ও শিক্ষা

(প্রথম পৃঃ পর)

খুলনা, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগের প্রত্যেকের জন্য ৫০ হাজার টাকা করে নির্দিষ্ট রাখা হয়েছে।

সংস্থাপন সচিব জনাব ফয়েজউদ্দীন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় সরকারী কর্মচারীদের কল্যাণমূলক কর্মতৎপরতার অগ্রগতি পর্যালোচনা করা হয় ও এ সেবামূলক কাজকে আরো সুষ্ঠু করার নীতি ধার্য করা হয়।

১৯৮০-৮১ সালের জন্য বিভিন্ন প্রকল্পের ব্যাপারে ১৪ লাখ টাকার রাজস্ব অনুদান কাজে লাগানোর বিষয়টিও আলোচিত হয়। এ অর্থ কমিউনিটি সেন্টার, ক্লাব নির্মাণ ও সরকারী কর্মচারীদের অন্যান্য সংগঠনের জন্য, সরকারী কর্মচারীদের জন্য অনুদান ও ভর্তুকি হিসাবে এবং মহিলাদের পেশাগত প্রশিক্ষণের জন্য কুটির শিল্পের উন্নয়নকল্পে লেডিস ইন্ডাস্ট্রিয়াল হোমস ও অপরাপর কল্যাণমূলক স্কীম, যেমন, পরিবহণ ও শিশু কল্যাণ কাজে ব্যয় করা হচ্ছে।

সভায় অন্যান্যের মধ্যে বিভাগীয় কমিশনারও যোগদান করেন। খবর বাসসর।